# PG Odd Semester Examination, 2022

## BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-304 (F)

**(ভাষাবিজ্ঞান)**

*Full Marks: 70*

*Pass Marks: 28*

*Time: 3 hours*

*The figures in the right margin indicate full marks for the question.*

**পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক**

**প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও**

**ক-গুচ্ছ**

১. প্রাচীন ভারতে ভাষাজিজ্ঞাসার উদ্ভব কোন সাহিত্যে হয়েছিল? প্রাচীন ভারতে ভাষাচর্চার ক্ষেত্রে পাণিনির ভূমিকা বিস্তারিতভাবে আলোচনা করো। ২+১২=১৪

২. 'নিঘণ্টু' বলতে কী বোঝ? প্রাচীন ভারতে ভাষাচর্চায় পাণিনি পরবর্তী তিনজন চিন্তকের অবদান সংক্ষেপে আলোচনা করো। ২+১২=১৪

**খ-গুচ্ছ**

৩. প্রাচীন গ্রীসে 'সফিস্ট' (Sophist) কাদের বলা হতো? প্রাচীন গ্রীসের ভাষাচর্চায় অ্যারিস্টটলের অবদান আলোচনা করো। ২+১২=১৪

৪. প্রাচীন গ্রীসে প্লেটোর ভাষাচর্চা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ভাষাচর্চায় প্রাচীন রোমান বৈয়াকরণদের অবদান আলোচনা করো। ৪+১০=১৪

**গ-গুচ্ছ**

৫. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি উচ্চারণে জিভের অবস্থান আলোচনা করো। বাংলা ভাষায় স্বরধ্বনির পরিবর্তন সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+১২=১৪



৬. উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জন ধ্বনিগুলির বর্গ উল্লেখ করো। বাংলায় ব্যঞ্জনধ্বনির পরিবর্তন সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+১২=১৪

**ঘ-গুচ্ছ**

৭. ফের্দিনান্দ দ্য স্যসুর এর প্রথম প্রকাশিত গবেষণা পত্রটির ইংরেজি নাম লেখো। ভাষিক চিহ্নের যে দুটি নীতিগত বৈশিষ্ট্যের কথা স্যসুর আলোচনা করেছেন— তা বিস্তৃতভাবে উপস্থাপন করো। ২+১২=১৪

৮. ফের্দিনান্দ দ্য স্যসুর এর মৃত্যু সাল উল্লেখ করো। তাঁর গ্রন্থটিতে কয়টি ভাগ আছে? চিহ্নের অপরিবর্তনশীলতা ও পরিবর্তনশীলতা নিয়ে তাঁর মত আলোচনা করো। ১+১+১২=১৪

**ঙ-গুচ্ছ**

৯. দু'জন শৈলীবিজ্ঞানীর নাম লেখো, যাঁরা গদ্যের শৈলী নিয়ে আলোচনা করেছেন। শৈলী নির্ণয়ে এঙ্কভিস্ট (Enkvist)-এর দৃষ্টিভঙ্গি বিস্তারিত ভাবে আলোচনা করো। ২+১২=১৪

১০. শৈলীবিজ্ঞান বলতে কী বোঝায়? 'বিচ্যুতি' ভাবনার অনুযায়ী নিচের কবিতার অংশটির শৈলী বিশ্লেষণ করো : ২+১২=১৪

"যুদ্ধে যেতে হয়নি, তবু গায়ের ক্ষতচিহ্নে
লোকটা মধ্যযুগের যোদ্ধা সঠিক মনে হবে
তরবারির খর আঘাত কোনখানে পড়েনি?
একটি চোখ রক্ত-ঢেঁড়স, চলবৃত্তিহীনও

লোকটা যদি পাগল হতো, বাতিল করা যেতো
পাগলও নয় ছাগলও নয়, অভিসন্ধিমূলক
যে দোষে দোষী নয়, বরং পরের উপকারী
সেচ্ছাচারী স্বাধীনচেতা, মদ্যপায়ী, ভেতো!

অসুখ এক উদাসীনতা, অথচ সামাজিক
লোকটা কিছু রহস্যময়, লোকটা কিছু কালো
নিজের ভালো করেনি, তাই, অন্যে ক'রে ভালো
সংসারে সন্ন্যাসী লোকটা কিছুটা নির্ভীকই।"

****